**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : **মহান মে দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম
তারিখ : ২৫ এপ্রিল ২০২৩ খ্রিঃ
সময় : বিকেল-৩.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিতি: পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০২ এপ্রিল ২০২৩ তারিখের ৪০.০২.০০০০.০৩৫.৯৯.০০১.২৩-১০ নম্বর স্মারক পত্রখানা সভায় পাঠ করে শুনান এবং মহান মে দিবস, ২০২৩ সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য সভায় সকলের মতামত কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

**কর্মসূচি**

| তারিখ ও সময় | বিষয় | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ মে ২০২৩ খ্রিঃ সকাল-১০.০০ টা | **বর্ণাঢ্য র‍্যালি** | স্বাধীনতার বিজয়স্তম্ভ প্রাঙ্গন থেকে শুরু করে শহিদ মিনার হয়ে স্বাধীনতার বিজয়স্তম্ভে শেষ হবে | জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সংগঠনসমূহ |
| ১ মে ২০২৩ খ্রিঃ বেলা-১১.০০ টা | **আলোচনা সভা**<br>মহান মে দিবসের প্রতিপাদ্য:<br>**''শ্রমিক- মালিক ঐক্য গড়ি স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি''** | স্বাধীনতার বিজয়স্তম্ভ প্রাঙ্গন | জেলা প্রশাসন, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সংগঠনসমূহ |

অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দ মহান মে দিবস-২০২৩ এর উদ্‌যাপন কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন।

**মহান মে দিবস উদ্‌যাপন উপকমিটিঃ**

১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম — আহবায়ক
২) জনাব মোঃ কাজিউল ইসলাম, আহবায়ক, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ, কুড়িগ্রাম — সদস্য
৩) জনাব মোঃ হাসান আলী, সভাপতি, বাস মিনিবাস শ্রমিক ইউনিয়ন, কুড়িগ্রাম — সদস্য
৪) জনাব এরশাদুল হক, সভাপতি, জাতীয় শ্রমিক ফেডারেশন, কুড়িগ্রাম — সদস্য
৫) জনাব আয়নাল হক, সভাপতি, ট্রাক লরি শ্রমিক ইউনিয়ন, কুড়িগ্রাম — সদস্য
৬) জনাব মোস্তাফিজার রহমান, সভাপতি, জাতীয় শ্রমিক লীগ, কুড়িগ্রাম — সদস্য
৭) জনাব মোঃ আব্দার হোসেন বুলু, সভাপতি, রিক্সা শ্রমিক ইউনিয়ন পরিষদ, কুড়িগ্রাম — সদস্য

**মহান মে দিবস, ২০২৩ উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলো:**

১) দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম সকল বিষয়ে সমন্বয় করবেন।

২) সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

চলমান পাতা-

৩) মহান মে দিবস-২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠানে উপস্থিত সদস্যদের প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতের নিমিত্ত ভ্রাম্যমাণ মেডিকেল টিম গঠনের জন্য সিভিল সার্জন, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৪) মহান মে দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাধীনতার বিজয়স্তম্ভ অলোচনা সভাস্থল পরিষ্কার-পরিচ্ছন্নসহ সামগ্রিক ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য মেয়র, কুড়িগ্রাম পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ করা হয়।

৫) গৃহীত কর্মসূচি উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাধীনতার বিজয়স্তম্ভ প্রাঙ্গানে পানি ছিটানো এবং যে কোন দুর্ঘটনা এড়াতে সার্বক্ষণিকভাবে প্রস্তুত থাকার জন্য উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৬) মহান মে দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বহুল প্রচার, র‍্যালি এবং আলোচনা সভায় মাইক সরবরাহ করার জন্য জেলা তথ্য অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৭) দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, নেসকো লিঃ, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৮) দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালিতে অংশগ্রহণকারীদেরকে আরডিআরএস, সলিডারিটি, ব্র্যাক কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক ফেস্টুন ও ক্যাপ সরবরাহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় মহান মে দিবস-২০২৩ যথাযথ ভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৪/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
মহান মে দিবস-২০২৩ উদযাপন কমিটি

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০১৩.২১-৬৫১(১৫০)

তারিখ: ১২ বৈশাখ ১৪৩০ / ২৫ এপ্রিল ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। ....................................................................................
....................................................................................
..............................................................................কুড়িগ্রাম।

২৫/৪/২০২৩

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।